গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
গুইমারা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র

## গুইমারা উপজেলা পরিষদের "ডিসেম্বর/২০২২খ্রি." মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মেমং মারমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২৮/১২/২০২২খ্রি.
সময় ঃ বিকাল-০৩.৩০ ঘটিকায়
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কার্যালয়।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক ও খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব রক্তিম চৌধুরী কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় এর সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা সমাধান, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণকে একসাথে কাজ করার বিনীত আহবান জানান। পরবর্তীতে তিনি বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রঃ নং | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** সভায় উপস্থাপিত নভেম্বর/২০২২খ্রি. মাসের সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণের কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। | নভেম্বর/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | সভার সকল সদস্য |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী জনাব মোহা: আব্দুল মান্নান জানান যে, গুইমারা উপজেলায় ২০২২-২০২৩খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় ১ম কিস্তি বাবদ ২০.৭৩ লক্ষ টাকা এবং ২য় কিস্তি বাবদ ২০.৭৩ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে, ৩য় ও ৪র্থ কিস্তি বরাদ্দ পাওয়া সাপেক্ষে নিম্নোক্ত প্রকল্প গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ, তিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, বিভিন্ন প্রতিষ্ঠান এবং সুশীল সমাজের প্রতিনিধিদের নিকট হতে প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্প কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে গুরুত্বপূর্ণ নিম্নের প্রকল্প সমূহ অনুমোদন করা হলো। | | উপজেলা প্রকৌশলী গুইমারা। |

**২০২২-২০২৩ খ্রি. অর্থবছরের এডিপি'র আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহ:**

**টেন্ডার প্রকল্প :**

| ক্র নং | প্রকল্পের নাম/বিবরণ | প্রাক্কলন মূল্য | টেন্ডার নং ও মোট টাকা |
|---|---|---|---|
| ১ | গুইমারা ইউনিয়নে ৪নং ওয়ার্ডে কুন্তিচন্দ্র পাড়া আনন্দ বৌদ্ধ বিহারের রাস্তা ব্রিক সলিং করণ | ২.০০ | প্যাকেজ নং-(০১) মোট টাকা =৯.৫০/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) |
| ২ | দেওয়ান পাড়ায় তৈমাতাই ব্রীজের পূর্ব এবং পশ্চিম পার্শ্বে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। | ৩.০০ | |
| ৩ | গুইমারা সরকারী কলেজ রোড হতে ধর্মমিত্র বৌদ্ধ বিহারে যাওয়ার রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন। | ২.০০ | |
| ৪ | গুইমারা ইউনিয়নের ৪নং লুন্দুক্যাপাড়া উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রের ছাত্র/ছাত্রীদের চলাচল রাস্তা এইচবিবি রাস্তা দ্বারা উন্নয়ন। | ১.০০ | |
| ৫ | হাফছড়ি হেডম্যানপাড়া সলিং রাস্তা হতে ভচাই কার্বারী বৌদ্ধ বিহার পর্যন্ত সলিং ভাঙ্গা রোড সংস্কার ও ফ্লাট সলিং করণ। | ১.৫০ | |
| ৬ | সিন্দুকছড়ি মুড়া পাড়া রতেন্দ্র বাড়ী হইতে পূর্ণজয় বাড়ী পর্যন্ত ফ্লাট সলিং করণ। | ১.০০ | প্যাকেজ নং-(০২) মোট টাকা =৭.৫০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) |
| ৭ | গুইমারা ৭নং ওয়ার্ডে রিপ্রুবাড়ী হইতে মংখোয়াইগ্য বাড়ি পর্যন্ত ব্রিক সলিংকরণ। | ২.০০ | |
| ৮ | কালাপানি বৌদ্ধ বিহার যাওয়ার রাস্তা ফ্লাট সলিং করণ। | ১.৫০ | |
| ৯ | বটতলা পাড়ায় রাস্তা ইট সলিং করণ। | ১.৫০ | |
| ১০ | গুইমারা ইউনিয়নের ০৬নং ওয়ার্ড মেম্বারপাড়া ইট সলিং রাস্তা হইতে আনুমানিক | ১.৫০ | |

| | | | |
|---|---|---|---|
| | ২০০ফুট কাচা রাস্তা ইট সলিং এর মাধ্যমে উন্নয়ন। | | |
| ১১ | গুইমারা কলেজে গেইট নির্মাণ। | ২.৫০ | প্যাকেজ নং-(০৩)<br>মোট টাকা=১০.৫০/-<br>(দশ লক্ষ পঞ্চাশ<br>হাজার টাকা মাত্র) |
| ১২ | জালিয়াপাড়া কারিমিয়া মাদ্রাসা গেইট নির্মাণ। | ১.৫০ | |
| ১৩ | গুইমারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ে লং বাসকেট গ্রাউন্ড নির্মাণ | ২.০০ | |
| ১৪ | সিন্দুকছড়ি সুকান্ত মহাজন পাড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নির্মাণ। | ৩.০০ | |
| ১৫ | গুইমারা দাখিল মাদ্রাসা বাউন্ডারি ওয়াল নির্মাণ। | ১.৫০ | |
| ১৬ | গুইমারা ৪নং ওয়ার্ডে লুন্দুক্যাপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন। | ১.৫০ | প্যাকেজ নং-(০৪)<br>মোট টাকা=৮.০০/-<br>(আট লক্ষ টাকা মাত্র) |
| ১৭ | গুইমারা ৮নং ওয়ার্ডে কেমুরুংপাড়া অনিতা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে আসবাব পত্র, আলমারী সরবরাহ করণ প্রকল্প। | ১.০০ | |
| ১৮ | গুইমারা ইউনিয়নের ৪নং ওয়াডে কুন্তিচন্দ্র পাড়ায় মহাশ্বশ্মানের বিশ্রামাগ্রার নিমাণ। | ১.৫০ | |
| ১৯ | সিন্দুকছড়ি ৪নং ওয়ার্ডে বাঁশপাড়া শ্মশানে যাত্রী ছাউনী নির্মাণ। | ২.০০ | |
| ২০ | গুইমারা উপজেলায় বিভিন্ন স্থানে অগভীর নলকূপ স্থাপন। | ২.০০ | |
| ২১ | সিন্দুকছড়ি ৮নং ওয়ার্ডে গড়িয়াছড়ি পাড়া ব্রীজের পাশে ধারক ওয়াল ও আকবাড়ি কমিউনিটি ক্লিনিকের পাশে ধারক ওয়াল নির্মাণ। | ২.০০ | প্যাকেজ নং-(০৫)<br>মোট টাকা=৯.০০/-<br>(নয় লক্ষ টাকা মাত্র) |
| ২২ | গুইমারা ইউনিয়নে ৭নং ওয়ার্ডে হেডম্যান পাড়া জমির উপর সেচ নালা নির্মান। | ২.০০ | |
| ২৩ | হাফছড়ি ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে হাতিমুড়া হইতে কালাপানি লক্ষাসিপাড়া যাওয়ার রাস্তা বজলুর জমির উপর ০১টি কালভার্ট নির্মাণ। | ২.০০ | |
| ২৪ | গুইমারা ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে ডাক্তার কানাই শীল ও অর্জুন নার্থের বাড়ির পাশে রাস্তার গাইড ওয়াল নির্মাণ। | ৩.০০ | |
| ২৫ | গুইমারা ইউনিয়নে ৪নং ওয়ার্ডে ইসলামপুর জামে মসজিদে সীমানা প্রাচীর নির্মাণ এবং সাউন্ড সিস্টেম বিতরণ। | ২.০০ | প্যাকেজ নং-(০৬)<br>মোট টাকা=৫.৫০/-<br>(পাঁচ লক্ষ পঞ্চাশ<br>হাজার টাকা মাত্র) |
| ২৬ | সিন্দুকছড়ি কেন্দ্রীয় জামি মসজিদ উন্নয়ন | ২.০০ | |
| ২৭ | হাফছড়ি ইউনিয়নের জোড়া খাম্বার মসজিদ উন্নয়ন। | ১.৫০ | |
| ২৮ | সিন্দুকছড়ি ০৯নং ওয়ার্ডে প্রজ্ঞাধর্ম বন বিহারে ভোজন শালা নির্মাণ | ১.৫০ | প্যাকেজ নং-(০৭)<br>মোট টাকা=৪.৫০/-<br>(চার লক্ষ পঞ্চাশ<br>হাজার টাকা মাত্র |
| ২৯ | সিন্দুকছড়ি মুখপাড়া বৌদ্ধ বিহার উন্নয়ন করণ। | ১.৫০ | |
| ৩০ | সিন্দুকছড়ি পংখীমুড়া শ্রীশ্রী লক্ষী নারায়ন মন্দির উন্নয়ন। | ১.৫০ | |
| | মোট টাকা | ৫৪.৫০ | ৫৪.৫০/- |

**পিআইসি প্রকল্প :**

| ক্রঃ নংঃ | প্রকল্পের নাম/বিবরণ | প্রাক্কলন মূল্য |
|---|---|---|
| ১ | গুইমারা উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল ব্যাগ ও ন্যাপকিন বিতরণ। | ১.৯০ |
| ২ | গুইমারা উপজেলার দু:স্থ হত দরিদ্র মহিলাদের আত্বকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ | ১.৫০ |
| ৩ | গুইমারা ৮নং ওয়ার্ডে তারাচান পাড়া মন্দিরের পাশে বক্স কালভার্ট নির্মাণ। | ১.০০ |
| ৪ | গুইমারা ইউনিয়নে ১নং ওয়ার্ডে ও ৫নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে অগভীর নলকূপ স্থাপন। | ১.০০ |
| ৫ | গুইমারা ১নং ওয়ার্ডে আরবাড়ী পাড়ায় শ্রী শ্রী লক্ষী নারায়ন মন্দির উন্নয়ন। | ১.৫০ |
| ৬ | গুইমারা ২নং ওয়ার্ডে জরিচন্দ্র পাড়ায় শ্রী শ্রী কালী বাড়ী নাট মন্দির নির্মাণ। | ১.৫০ |
| ৭ | গুইমারা ৯নং ওয়ার্ডে দেওয়ানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণ। | ১.০০ |
| ৮ | হাফছড়ি ইউনিয়নের চাকমা বৈদ্য পাড়াতে যাত্রী ছাউনী নির্মাণ। | ১.৫০ |
| ৯ | হাফছড়ি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে ০৬টি অগভীর নলকূপ স্থাপন। | ১.৫০ |
| ১০ | হাফছড়ি ইউনিয়নের বড়ইতলী মহাশ্বশ্মান খোলা একটি দেশনালয় নির্মাণ। | ১.৫০ |
| ১১ | তৈকর্মা হইতে বড়ইতলী যাওয়ার রাস্তায় থোয়াইগ্য এর জমীর উপর একটি কালভার্ট নির্মাণ। | ১.৫০ |
| ১২ | সিন্দুকছড়ি ৫নং ওয়ার্ডে কংজ্রো জমিনের উপর কালভার্ট নির্মাণ। | ১.৫০ |
| ১৩ | সিন্দুকছড়ি ৭নং ওয়ার্ডে তিন্দুকছড়ি রাস্তা মোড়ে যাত্রী ছাউনী নির্মাণ। | ১.০০ |
| ১৪ | সিন্দুকছড়ি ৬নং ওয়ার্ডে ছোটপিলাক বৌদ্ধ বিহারে ঢেউটিন বিতরণ। | ১.০০ |
| ১৫ | সিন্দুকছড়ি ৪নং ওয়ার্ডে ডেবলছড়ি চৈত্যমনি বৌদ্ধ বিহারের সীমাঘর টাইলস করণ। | ১.০০ |
| ১৬ | গুইমারা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও সামাজিক প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ। | ১.৫০ |
| ১৭ | গুইমারা উপজেলা পরিষদের জন্য ফটোকপি মেশিন ০১টি, ল্যাপটপ ০১টি, প্রিন্টার ০১টি। | ২.০০ |
| ১৮ | গুইমারা উপজেলা শিল্পকলা একাডেমী ও অফিসার্স ক্লাব উন্নয়ন | ১.০০ |
| ১৯ | গুইমারা উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপন। | ২.০০ |
| ২০ | গুইমারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরা স্থাপন। | ০.৫০<br>(৫%less) |

| | | | |
|---|---|---|---|
| ২১ | সিন্দুকছড়ি জোনে হলরুম টাইলস অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | ১.০০ | |
| ২২ | লুন্দ্যাকাপাড়া যাওয়ার রাস্তা সংস্কার করণ। | ০.৯২ | |
| ২৩ | গুইমারা ইউনিয়নের ৬নং ওয়ার্ডে বিশ্ব শান্তি বৌদ্ধ বিহারের সীমানা প্রাচীর নির্মাণ। | ১.৫০ (৫%less) | |
| ২৪ | তদারকি, আনুষাঙ্গিক ও পত্রিকার বিল। | ০.৭২৫ (৫%less) ০.১০ | |
| | মোট= | ৩১.১৪৫ | |

০১। টেন্ডারকৃত প্রকল্প সংখ্যা=৩০টি, টাকার পরিমাণ=৫৪.৫০ লক্ষ। পিআইসি প্রকল্পের সংখ্যা=২৪টি, টাকার পরিমাণ=৩১.১৪৫লক্ষ। সর্বমোট টাকার পরিমাণ=৮৫.৬৭ লক্ষ (৫% লেস=২.৭২৫/-লক্ষ টাকা সহ)।

০২। টেন্ডারকৃত ০৫% Less এর টাকা হতে গৃহীত প্রকল্প সমন্বয় করা হবে।

উপরোক্ত সকল প্রকল্প সমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির নিয়ম অনুসারে বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) কর্তৃক গুইমারা উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়) ১. সিন্দুকছড়ি ইউনিয়নে রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন, ২.গুইমারা উপজেলায় উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ প্রকল্প বাস্তবায়নে ই-জিপির মাধ্যমে টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ত্রাণ শাখা:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩খ্রি. অর্থবছরে ১ম পর্যায় (ক) সাধারণ কাবিটা প্রকল্পের সংখ্যা ১৭টি, বরাদ্দকৃত টাকা=২৪,১৩,৮৬৯.৪৯/-(চব্বিশ লক্ষ তের হাজার আটশত উনসত্তর টাকা উনপঞ্চাশ পয়সা), কাজের অগ্রগতি ১০০%। (খ) সাধারণ কাবিখা খাদ্য শস্য প্রকল্পের সংখ্যা ০৫টি, বরাদ্দকৃত চাল=১৬.০৯২৬ মে.টন, কাজের অগ্রগতি ১০০%। (গ) সাধারণ কাবিখা খাদ্য শস্য প্রকল্পের সংখ্যা ০৫টি, বরাদ্দকৃত গম ১৬.০৯২৬ মে.টন, কাজের অগ্রগতি ১০০%। (ঘ) সাধারণ টি-আর প্রকল্পের সংখ্যা ১৪টি, বরাদ্দকৃত টাকা=১৭,৩৭,৪৯৯.৬৯/-(সতের লক্ষ সাত্রিশ হাজার চারশত নিরানব্বই টাকা উনসত্তর পয়সা), কাজের অগ্রগতি ১০০%। (ঙ) অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি), প্রকল্পের সংখ্যা ১৭টি, বরাদ্দকৃত টাকা=৭৭,৯২,০০০/-, কাজের অগ্রগতি ৬৫%। (চ) এইচবিবি প্রকল্পের সংখ্যা ০১টি, বরাদ্দকৃত টাকা=৭০,৮৬,০০০/- কাজের অগ্রগতি ১৫% (ছ) এমপি কাবিটা প্রকল্প সংখ্যা ০৫টি, বরাদ্দকৃত টাকা =১০,০০,০০০/- কাজের অগ্রগতি ১০০% (জ) এমটি টিআর প্রকল্প সংখ্যা ০৬টি, বরাদ্দকৃত টাকা=৭,০০,০০০/- কাজের অগ্রগতি ১০০% (ঝ) জেলা প্রশাসক মহোদয়ের টিআর প্রকল্প সংখ্যা ০১টি, বরাদ্দকৃত টাকা=৫০,০০০/-কাজের অগ্রগতি ১০০%। (ঞ) ভূমিহীন ও গৃহহীনদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের সংখ্যা ৭৫টি, বরাদ্দকৃত টাকা=২,১৮,৭৭,৫০০/-, কাজের অগ্রগতি ৩০%। সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম দ্রুত বাস্তাবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী অফিসারকে বলা হলো এবং অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুইমারা। |
| ০৪ | **প্রাণী সম্পদ বিভাগ:** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জনাব ডা. মো: আলমগীর হোসেন জানান যে, গুইমারা উপজেলায় ডিসেম্বর/২০২২ মাসে (১) গবাদি পশুর টিকা প্রদান ৯০০ মাত্রা, (২) হাঁস-মুরগীর টিকা প্রদান-১০,০০০মাত্রা, (৩) গবাদি পশুর চিকিৎসা প্রদান ১১১৮টি, (৪) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ১৮৮৩টি, (৫) কৃত্রিম প্রজনন ৭৫টি মোট রাজস্ব আয় ৪,৫৬৫টাকা। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, গুইমারা। |
| ০৫ | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার জনাব ওঙ্কার বিশ্বাস জানান যে, ২০২২-২৩ অর্থবছরে (ক) খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্য মাত্রা ছিল উফশী ১৬৫০ হেক্টর ও স্থানীয় ১১০ হেক্টর এর মধ্যে অর্জিত হয়েছে উফশী ১৭০০ হেক্টর ও স্থানীয় ১০৫ হেক্টর। (খ) রাজস্বখাতের আওতায় অত্র উপজেলায় রোপা আপন ধান প্রদর্শনী ২০ এবং এডপশন ৫০টি বরাদ্দ দেয়া হয়েছে। কার্যক্রম চলমান। (গ) ২০২২-২৩ অর্থবছরে পারিবারিক পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবাড়িক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৩৯টি বরাদ্দ পাওয়া যায় এর মদ্যে ০৩টি ইউনিয়নে ১৩টি করে প্রদর্শনী স্থাপন করার জন্য উপ-সহকারী কৃষি অফিসারগণকে নির্দেশ দেয়া হয়। (ঘ) ২০২২-২৩ অর্থবছরে কাজু বাদাম ও কফি গবেষণা, উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় কাজুবাদাম ৩৫টি, কফি ৩৫টি, বাণিজ্যিক কাজুবাদাম প্রদর্শনী ০১টি ও কফি প্রদর্শনী ০৩টি বরাদ্দ দেয়া হয়েছে। উক্ত প্রদর্শনী মাঠ স্থাপন করা হয়েছে এবং কার্যক্রম চলমান। | সকল কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো।<br><br>মাঠ পর্যায়ে সকল প্রকল্প নিয়মিত পরিদর্শন/ তদারকির জন্য উপজেলা কৃষি অফিসার তৎপর থাকবেন এবং সঠিক ভাবে কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা কৃষি অফিসার, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) ২২-২৩ অর্থবছরে লেবু জাতীয় প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৬০টি প্রদর্শনী প্রদান করা হয়েছে। উক্ত প্রদর্শনীর মধ্যে ৩০টি মাঠে বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ৩০টি বাস্তবায়নের জন্য উপ-সহকারী কৃষি অফিসারদের প্রকৃত কৃষকদের তালিকা তৈরীর জন্য নির্দেশ প্রদান করা হয়। (চ) ২০২১-২২ অর্থবছরে সমন্বিত ব্যবস্থাপনায় কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৫০%ভূর্তকীতে ৪টি পাওয়ার থ্রেসার ও ৫টি সিডার বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ৫০% ভূর্তকিতে ০৭টি পাওয়ার থ্রেসার, ০৭টি পাওয়ার স্প্রেয়ার ও ১৩টি সিডার ক্রয়ে আগ্রহী কৃষকদের নামের তালিকা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, ঢাকায় পাঠানো হয়েছে। (ছ) চলতি মাসে অত্র উপজেলায় ইউরিয়া ৬০মে.ট.,টিএসপি ৬০মে.ট., ডিএপি ২০.০০মে.ট. ও এমওপি ০৮.০০মে.টন বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ইউরিয়া ৩৬মে.টন উত্তোলন করা হয়েছে। অন্যান্য সার এখনো উত্তোলন করা হয়নি। বর্তমান সারের কোন সংকট নেই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | | |
| ০৬ | **মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য অফিসার এর পক্ষে জনাব ম্রাসানাই মারমা, ক্ষেত্র সহকারী উপস্থিত ছিলেন মাসিক কার্যপত্র প্রদান না করায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে কার্যপত্র প্রদানের জন্য বলা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুইমারা। |
| ০৭ | **সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজ সেবা অফিসারের পক্ষে মো: হাবীব, জানান যে, ডিসেম্বর/২২খ্রি. মাসে ২০২২-২৩ অর্থবছরে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা অক্টোবর/২০২২খ্রি. হতে ডিসেম্বর ২০২২খ্রি. পর্যন্ত ০৩ (তিন) মাসের ভাতার অর্থ ভাতাভোগীদের বিকাশ নম্বরে প্রেরণের জন্য অধিদপ্তর হতে চিঠি পাওয়া যায়। ২০২২-২৩খ্রি. অর্থবছরে অতিরিক্ত প্রতিবন্ধি ভাতা পাওয়া যায়, বরাদ্দের যাবতীয় কার্যক্রম শেষ করে পাসবহি বিতরণ চলমান রয়েছে। ঋণ কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার গুইমারা। |
| ০৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী জনাব মো শামীম হোসেন জানান যে, গুইমারা উপজেলায় ডিসেম্বর/২০২২খ্রি. (ক) ২০২০-২১ অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় উক্ত উপজেলায় ০৩টি ইউনিয়নের প্রত্যেক ইউনিয়নে ২৬টি করে মোট ৭৮টি গভীর নলকূপের মধ্যে ৬৫টি গভীর নলকূপের কাজ শেষ হয়েছে। বাকী নলকূপের কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরের ০৩টি ইউনিয়নের প্রত্যেক ইউনিয়নে ২৬টি করে মোট ৭৮টি গভীর নলকূপের মধ্যে ৫০টি নলকূপের কাজ শেষ হয়েছে। বাকী নলকূপের কাজ চলমান রয়েছে।<br>(ক) পিইডিপি-৪ প্রকল্পের আওতায় গুইমারা উপজেলার ১৯টি গভীর নলকূপ সহ সাবমারসিবল পাম্প/মটর, ১০০০লিটার পানির ট্যাঙ্ক, এবং হ্যান্ড ওয়াশ বেসিন বরাদ্দ হয়েছে এবং নিম্নোক্ত কাজ চলমান রয়েছে। (১) অক্ষয়মনি হেডম্যান পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, (২) গোয়াইছড়ি স:প্রা:বি:, (৩) সিন্দুকছড়ি মুখ পাড়া সরকারি প্রা:বি: (৪) সিন্দুকছড়ি মুড়াপাড়া স:প্রা:বি:, (৫) ডেবলছড়ি সরকারি প্রা: বি:, (৬) গরিয়াছড়ি স:প্রা:বি:, (৭) ছোট পিলাক স:প্রা:বি: (৮) বাদলঘাট স:প্রা:বি, (৯) বাইল্যাছড়ি প্রকল্প স:প্রা:বি, (১০) বাইল্যাছড়ি প্রকল্প তৈমাথা স:প্রা:বি:, (১১) হাফছড়ি স:প্রা:বি: (১২) বড়পিলাক-২ স:প্রা:বি: (১৩) শহীদ আফতাব কাদের স:প্রা:বি: (১৪) লম্বাছড়া স:প্রা:বি:, (১৫) বড়ইছড়ি স:প্রা:বি: (১৫) বড়ইছড়ি স:প্রা:বি: (১৬) কুকিছড়া স:প্রা:বি: (১৭) নাক্রাই স:প্রা:বি: (১৮) তিন্দুকছড়ি স:প্রা:বি:, (১৯) বড়ইথলি স:প্রা:বি:।<br>২০২২-২৩ অর্থবছরে আশ্রায়ন প্রকল্পের ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আওতায় ১৩টি গভীর নলকূপ পাম্পযুক্ত কাজ শেষ করা হয়েছে এবং বুঝিয়ে দেয়া হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কাজ সঠিক ভাবে তদারকি করার জন্য বলা হলো। এবং যেসকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নলকূপ স্থাপন তালিকাভুক্ত করা হয় নাই, ইউপি চেয়ারম্যানগণ এবং উপজেলা শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।<br>অন্যান্য সকল কার্যক্রম সঠিক ভাবে করার জন্য বলা হলো। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল গুইমারা। |
| ০৯ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা অফিসার জনাব হিটলারুজ্জামান জানান যে, গুইমারা উপজেলায় আগামী ৩০/১২/২০২২খ্রি. তারিখ প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২২ সুষ্ঠ ও সুন্দর ভাবে অনুষ্ঠানের নিমিত্তে সকলের সহযোগিতা কামনা করেন। এবং ০১/০১/২০২৩খ্রি. প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক জাকজমক ভাবে বই বিতরণ উৎসবের আয়োজন করা হবে। সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি রেজিস্টার ও শিশু জরিপ হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। সকল প্রাথমিক বিদ্যালয়ের পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য বলা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গুইমারা। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর পক্ষে জনাব মো: বাবলু হোসেন, প্রধান শিক্ষক, | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| | গুইমারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয় জানান যে, আগামী ০১/০১/২০২৩ তারিখ গুইমারা উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ে বই বিতরণ উৎসবের আয়োজন করা হবে। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | | অফিসার গুইমারা। |
| | **মহিলা বিষয়ক অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাবা মোছা: হাছিনা আক্তার জানান যে, গুইমারা উপজেলায় ২০২২-২৩ অর্থবছরের চক্রে ০৩টি ইউনিয়নে ডিসেম্বর ২০২২খ্রি. ০১ (এক) মাসের ভিডব্লিউ ডিও পত্র দেওয়া হয় এবং খাদ্য শস্য বিতরণ করা হয়। মহিলাদের জন্য আইজিএ প্রশিক্ষণ প্রকল্প ১৮তম ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ভিডব্লিউ উত্তোলনের সময় উপকারভোগীদের মাঝে বাল্য বিবাহের নেতিবাচক দিক, বিবাহ রেজিস্ট্রেশন না থাকার কুফল সম্পর্কে আলোচনা ও সচেতন করা হয়। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান।<br><br>সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সঠিক ভাবে ভিডব্লিউবি প্রদান এবং সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুইমারা। |
| ১২ | **যুব উন্নয়ন অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত:**<br>উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা জনাব কামরুল হাসান জানান যে, গুইমারা উপজেলায় ২৯জন যুবদের মাঝে ১২,২০,০০০/- (বার লক্ষ বিশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে যুব ঋণ বিতরণ ৬,২০,০০০/-(পাচঁ লক্ষ ষাট হাজার) টাকা যুব ঋণ গ্রহণকারী ১৪জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ১৫০জন (৫ ব্যাচ)। ১ম ব্যাচে প্রশিক্ষণ গ্রহণকারী ৩০জন। এ পর্যন্ত মোট প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা =৬৬৫জন। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | ঋণ বিতরণ ও গ্রহণ কার্যক্রম সঠিক ভাবে পর্যবেক্ষণ এবং প্রশিক্ষনার্থীদের তালিকা সকলের সাথে সমন্বয় করে করার জন্য বলা হলো।<br>সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা যুবউন্নয়ন অফিসার, গুইমারা। |
| ১৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের পক্ষে ডা. সাফায়েত হোসাইন মীর, অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার গুইমারা |
| ১৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মিজ সোলি চাকমা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালন, মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শন/তদারকি করণ এবং মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গুইমারা। |
| ১৫ | **রেঞ্জ কর্মকর্তা ঃ**<br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা জনাব অনুকর চাকমা উপস্তিত ছিলেন, মাসিক কার্যপত্র প্রদান না করায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থেকে কার্যপত্র প্রদানের জন্য বলা হলো। | রেঞ্জ কর্মকর্তা, জালিয়া পাড়া রেঞ্জ |
| ১৬ | **খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য গুদাম এর ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব আবদুল্লাহ আল হামিদুল মামুন জানান যে, (১) ইপি, ওপি খাতে প্রতিমাসে আনসার, বিজিবি এবং অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর ডিসেম্বর/২২খ্রি. মাসে রেশন চাল ও গম বিতরণ করা হয়েছে। (২) ভিজিডি/ভিডব্লিউবি খাতে নভেম্বর ২০২২ মাসের ডিও দেওয়া হয়। (৩) গুচ্ছগ্রাম, জেএসএস, ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থীদের অক্টোবর-ডিসেম্বর ২০২২ ডিও'র উপবরাদ্দ আদেশ জেলা প্রশাসক মহোদয়ের দপ্তর হতে ইস্যু করা হয়নি। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান। বিভিন্ন প্রকল্পের খাদ্য-শস্য যথাযথ নিয়মে উপ-বরাদ্দ আদেশ মূলে ডিও ইস্যু করা হয়। খ্রিস্টানদের বড়দিন উপলক্ষে জিআর খাতে চার্চ সভাপতির নামে খাদ্য শস্য বিতরণ করা হয়েছে।<br>বাজার দরে স্থানীয় বাজারে চাল/ডাল/আটা/তেল/চিনি ধান সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের কিছুটা মূল্য বৃদ্ধি পেয়েছে। বাজারদর উপজেলা খাদ্য বিভাগ নিয়মিত উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করেন। কোন ব্যবসায়ী যাতে নিয়ম-বহিভূত খাদ্যশস্য মজুদ না করে সেদিকে খাদ্য বিভাগ ব্যবসায়ীগণকে সর্তক করছে। এবং ব্যবসায়ীগণকে নিয়ম মেনে লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার অনুরোধ করা হয়। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্যগুদাম গুইমারা। |
| ১৭ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক জনাব টিংকু চাকমা জানান যে, গুইমারা উপজেলায় জুলাই/২০২২খ্রি. হতে নভেম্বর/২০২২খ্রি. পর্যন্ত পল্লী সঞ্চয় ব্যাংক এর অগ্রগতি প্রতিবেদন। ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬৮৩/-লক্ষ টাকা, অর্জন | সকল কার্যক্রম স্বাচ্ছতার সাথে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে শতভাগ ঋণ আদায়, সমিতি গঠন ও অন্যান্য কার্যক্রম | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, |

| | | | |
|---|---|---|---|
| | ১৩৩.৪৫/-লক্ষ টাকা, হার ৩৪.১৮%। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬৩৩/-লক্ষ টাকা, অর্জন ২০৮/-লক্ষ টাকা, হার ৩২.৯১%। সঞ্চয় আদায় মাসিক লক্ষ্যমাত্রা ৫০.০০/-লক্ষ টাকা, অর্জন ১৪.৫৭/-লক্ষ টাকা, হার ২৯.১৪%। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নিয়ম অনুসারে সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এবং ঋণ খেলাপিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো। | গুইমারা |
| | **টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড) ঃ** উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জনাব টিটন চাকমা উপস্থিত ছিলেন কিন্তু তার দপ্তরের মাসিক কার্যপত্র প্রদান না করায়, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | পাড়াকেন্দ্রে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। পাড়াকেন্দ্রের শিক্ষকদের নিয়মিত তদারকি করতে হবে। মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে কার্যপত্র প্রদানের জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, গুইমারা। |
| ১৯ | **উপজেলা নির্বাচন অফিস:** উপজেলা নির্বাচন অফিসার জনাব মুহাম্মদ আশরাফুল আলম অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রাখা এবং মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন অফিসার গুইমারা |
| ২০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব এবিএম কামরুজ্জামান অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | কার্যপত্রসহ মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুইমারা |
| ২১ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প-২) :** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা মিজ কীর্তি চাকমা জানান যে, ডিসেম্বর/২০২২খ্রি. মাসের মোট সেবা গ্রহীতার সংখ্যা ৬০০জন। ডোর টু ডোর সেবা প্রদান ৪৫০জন। তথ্যকেন্দ্রে সেবা প্রদান ১০০জন। এবং উঠান বৈঠক ০১টি সেবা গ্রহীতা ৫০জন। | নিয়মিত উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম সহ সকল কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের জন্য বলা হলো। | উপজেলা তথ্য সোবা কর্মকর্তা গুইমারা |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২২খ্রি

(মেমং মারমা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-chairmanguimara@gmail.com
মোবাইল নং-০১৫৫৩২৪৮৮২৪

২৮.১২.

স্মারক নংঃ ০৬.৪৬.৪৬৪৭.০০০.১৬.০০২.৮৮.২০২১- ৮৩ (ক) তারিখঃ ২৮/১২/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক,স্থানীয় সরকার,চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), গুইমারা উপজেলা পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। উপজেলা.......................................................................অফিসার(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান, গুইমারা/হাফছড়ি/সিন্দুকছড়ি ইউ.পি.(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জনাব .............................................................................

২৮.১২.২২

(রক্তিম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-unoguimara@gmail.com
মোবাইল নং-০১৫৫০৬০৪৫২৭

২৮.১২.২০২২